

💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬১২০

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - আশারাহ্ মুবাশশারা রাযিয়াল্লাহু আনহুমা-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

ٱلْفصلُ الثَّنِ (بَابُ مَنَاقِبِ الْعَشَرَةِ رَضِيَ اللَّهُ عَنْهُمْ)

আরবী

وَعَنْ أَنَسٍ أَنَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «أَرْحَمُ أُمَّتِي بِأُمَّتِي أَبُو بَكْرٍ وَأَشَدُهُمْ فِي أَمْرِ اللَّهِ عُمَرُ وَأَصْدَقُهُمْ حَيَاءً عُتْمَانُ وَأَفْرَضُهُمْ زَيْدُ بْنُ ثَابِتٍ وَأَقْرَوُهُمْ أُبِيُّ بْنُ كَعْبٍ وَأَعْلَمُهُمْ بِالْحَلَالِ وَالْحَرَامِ مُعَاذُ بْنُ جَبَلٍ وَلِكُلِّ أُمَّةٍ أَمِينٌ وَأَمِينُ هَذِهِ الْأُمَّةِ أَبُو عُبَيْدَةَ بْنُ الْجَرَّاحِ» رَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيح وروى مَعْمَرٍ عَنْ قَتَادَة مُرْسَلًا وَفِيهِ: «وَأَقْضَاهُمْ عَلِيُّ»

اسناده صحیح ، رواه احمد (3 / 281 ح 14035) و الترمذی (3791) * حدیث معمر عن قتادة : رواه عبد الرزاق (11 / 225 ح 20387) و سنده ضعیف لارسالم ـ (صَحِیح)

বাংলা

৬১২০-[১৩] আনাস (রাঃ) হতে বর্ণিত। নবী (সা.) বলেছেন: আমার উম্মতের মাঝে আবূ বকর উম্মতের জন্য সর্বাধিক দয়ালু। আর উম্মতের মধ্যে আল্লাহর বিধানের ক্ষেত্রে সবচেয়ে কঠোর 'উমার। আর উম্মতের মধ্যে সবচেয়ে প্রকৃত লাজুক 'উসমান। আর উম্মতের মধ্যে মীরাস সম্পর্কিত ব্যাপারে সর্বজ্ঞ যায়দ ইবনু সাবিত। আর উম্মতের মাঝে সর্বোত্তম কুরআন মাজীদের ক্বারী উবাই ইবনু কা'ব। আর উম্মতের মধ্যে হালাল ও হারাম সম্পর্কে সবচেয়ে জ্ঞানী মু'আয ইবনু জাবাল। আর প্রত্যেক উম্মতের মাঝে একজন আমীন থাকেন। এ উম্মতের আমীন হলেন আবূ 'উবায়দাহ্ ইবনুল জাররাহ।

[আহমাদ ও তিরমিয়ী এবং ইমাম তিরমিয়ী (রহিমাহুল্লাহ) বলেছেন, হাদীসটি হাসান সহীহ]

আর এ হাদীসটি মামার সূত্রে কতাদাহ্ হতে মুরসাল হিসেবে বর্ণনা করা হয়েছে। আর তাতে রয়েছে, উম্মতের সর্বোত্তম বিচারক 'আলী (রাঃ)।



ফুটনোট

সহীহ: তিরমিয়ী ৩৭৯০, ৩৭৯১ ইবনু মাজাহ ১৫৪, সহীহুল জামি ৮৯৫, সিলসিলাতুস্ সহীহাহ্ ১২২৪, মা'রিফাতুস্ সুনান ওয়াল আসার ৩৯৫৯, মুসান্নাফ আবদুর রায্যাক ২০৩৮৭, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ৮২৪২, হিলইয়াতুল আওলিয়া ৩/১২২, আল মু'জামুস্ সগীর লিত্ব তবারানী ৫৫৬, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১২৫৫০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন